তারিখ 15 JUN 2017
পৃষ্ঠা ২ কলাম ৫

দৈনিক
ইত্তেফাক



শিক্ষা ব্যবস্থা সহজ করতে একরামুলের ইসকুল ডট কম



শিক্ষা ব্যবস্থা সহজ

২০ পৃষ্ঠার পর

একরামুল হায়দার বলেন, আমাদের স্কুলগুলোতে একটি বড় সমস্যা হল: শিক্ষক, অভিভাবক, শিক্ষার্থী ও প্রশাসনিক কর্মকর্তাদের মধ্যে একটা দূরত্ব থাকে। আবার শিক্ষকদের ফরম পূরণ, নিবন্ধন করানো প্রভৃতি দাপ্তরিক কাজ করতে হয়। যা দূর করা সম্ভব প্রযুক্তির মাধ্যমে। তিনি বলেন, ছাত্রদের ক্লাসে উপস্থিতি, তাদের নম্বর প্রাপ্তি, ক্লাসে পারফরমেন্স, ছাত্রদের সকল তথ্য- এই অ্যাপসে এগুলো থাকবে। এছাড়া অভিভাবকদের নিজেদের মধ্যে যোগাযোগ, অভিভাবকদের সঙ্গে প্রশাসনের সহজ ও সাবলীল সম্পর্কও তৈরি হবে। তিনি আরো বলেন, আমাদের অ্যাপ্লিকেশনটির মাধ্যমে ডেটা এনালাইসিস ও আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্সের মাধ্যমে প্রতিষ্ঠানের সমস্যা ও সম্ভাবনাকে বের করে আনা যাবে। এর মাধ্যমে শিক্ষকদের কাজ ৮০ শতাংশ কমবে আর প্রতিষ্ঠানের ছাত্র-শিক্ষক-অভিভাবকদের মধ্যে দূরত্ব কমবে ৬০ শতাংশ।

একরামুল জানান, স্নাতক করার পর আমেরিকা ও অস্ট্রেলিয়ার শিক্ষার্থীদের সফটওয়্যার নিয়ে তিনি কাজ করেন। এই কাজ করতে করতেই তার মনে হল আমাদের দেশের শিক্ষার্থীদের জন্য নিজেদের মতো করে কিছু করা যায় কিনা। সেই ভাবনা থেকেই কাজ শুরু করা।

দুই ভাই, এক বোনের সংসারে বড় একরামুল। বাবা সরকারি চাকরি করতেন এখন অবসরে আছেন। আর মা গৃহিণী। বর্তমানে একরামুল স্বপ্ন দেখছেন, দেশের প্রাথমিক থেকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা হবে বিশ্বমানের। আর এতে প্রত্যক্ষ ভূমিকা রাখতে চান তিনি।